অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/14/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল রকল্যান্ড কাউন্টিতে 42 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী সহায়ক আবাসন প্রকল্পের নির্মাণ কাজ সমাপ্তির ঘোষণা করেছেন

ভিনসেন্টস ভিলেজ 93টি অন -সাইট স্বাস্থ্য ও সুস্থতা পরিষেবা সহ গৃহ প্রদান করে বয়স্ক প্রাপ্তবয়স্কদের স্বাধীন পরিবেশে বসবাস করার জন্য

সাশ্রয়ী আবাসন উন্নয়ন 21.9 মিলিয়ন মার্কিন ডলারের রাজ্যের অর্থায়নের সহায়তায় নির্মিত হয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ রকল্যান্ড কাউন্টির ন্যানউয়েট গ্রামে ভিনসেন্ট ভিলেজ নামক 42 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসন উন্নয়ন উদ্বোধনের ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল (New York State Homes and Community Renewal) থেকে 21.9 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়ন দ্বারা সমর্থিত, এই উন্নয়নে 55 বা তার বেশি বয়সের প্রাপ্তবয়স্কদের জন্য অন-সাইট স্বাস্থ্য এবং সুস্থতা পরিষেবা সহ 93টি সাশ্রয়ী মূল্যের বাড়ি আছে।

"আমরা ভিনসেন্ট ভিলেজের মত সাশ্রয়ী বয়স্কদের আবাসন উন্নয়নগুলিকে অগ্রাধিকার প্রদান করা এবং তাতে বিনিয়োগ করা অব্যাহত রেখেছি," **গভর্নর হোচুল বলেন।** "যখন একটি বিশ্বাসভিত্তিক সম্প্রদায়, রাজ্য এবং বেসরকারি খাত তাদের শক্তি ও বিশেষজ্ঞতা এমন উন্নয়নে নিয়োজিত করে যা আমাদের সতীর্থ নিউ ইয়র্কবাসীদের জীবনকে উন্নত করে যাদের স্বাধীনভাবে এবং মর্যাদার সাথে থাকার জায়গা প্রয়োজন, তখন কি অর্জন করা যায় তার এটি একটি উদাহরণ হল এটি। রকল্যান্ডের এই নতুন সম্প্রদায় বাসিন্দাদের সুন্দর পরিবেশে, উপলব্ধ সহায়ক পরিষেবা সহ বসবাস করতে দেয়, যদি তাদের তা প্রয়োজন হয়।"

ভিনসেন্টের গ্রাম তৈরি তিনটি আবাসিক ভবন দিয়ে যেখানে মোট 93টি অ্যাপার্টমেন্ট আছে, যার মধ্যে 81টি এক-শয়নকক্ষের ইউনিট এবং 12টি দুই-শয়নকক্ষের ইউনিট আছে, যা এলাকার মধ্যম আয়ের 60 শতাংশ বা তার কম উপার্জনকারী পরিবারগুলির জন্য সাশ্রয়ী। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথের (New York State Department of Health) মাধ্যমে এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের অর্থায়নে এই উন্নয়নে 35টি ইউনিট আছে যা ভাড়ার ভর্তুকি এবং সহায়ক পরিষেবার প্রবেশাধিকার আছে।

কনভেন্ট রোডে অবস্থিত, এই উন্নয়নে দুটি ভবন আছে যার মধ্যে আছে ফিটনেস রুম, লন্ড্রি রুম, কমিউনিটি রুম এবং ভিনিস ক্যাফে - একটি কাস্টম-ডিজাইন করা সামাজিক স্থান যার পৃষ্ঠপোষকত্ব করেছে সিস্টার্স অফ চ্যারিটি হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন (Sisters of Charity Housing Development Corporation)। সমস্ত বাসিন্দাদের জন্য সহায়ক পরিষেবাগুলির মধ্যে রয়েছে স্বাস্থ্য পর্যবেক্ষণ, পরিচর্যার সমন্বয় এবং কেস ম্যানেজমেন্ট, কাউন্সেলিং এবং সামাজিক ক্রিয়কলাপ।

ভিনসেন্ট ভিলেজে শক্তি-দক্ষ বৈশিষ্ট্য আছে যার মধ্যে রয়েছে উচ্চ দক্ষতার হিটিং, কুলিং এবং বায়ুচলাচলের সরঞ্জাম; এনার্জি স্টার-রেট করা ব্যবহারিক সরঞ্জাম এবং আলোকসজ্জা, এবং লো-ফ্লো প্লাম্বিং ফিক্সচার। এর ভবনের নকশা ও নির্মাণ মার্কিন গ্রিন বিল্ডিং কাউন্সিল (U.S. Green Building Council) কর্তৃক বিল্ডিং ডিজাইন অ্যান্ড কনস্ট্রাকশন লিডারশিপ ইন এনার্জি অ্যান্ড এনভায়রনমেন্টাল ডিজাইনে গোল্ড সার্টিফিকেশন অর্জন করেছে।

ক্লার্কসটাউন শহরের মধ্যে অবস্থিত, উন্নয়নটির অবস্থান রুট 59 বরাবর কেনাকাটা এবং অন্যান্য পরিষেবার অর্ধ মাইলের মধ্যে এবং NJ ট্রানজিটের পাস্ক্যাক ভ্যালি লাইন সহ গণ পরিবহন ব্যবস্থার কাছাকাছি। বাসিন্দাদের জন্য স্থানীয় পরিবহন রকল্যান্ড কাউন্টি মিনি-ট্রান্স এবং TRIPS এর মাধ্যমে পাওয়া যাবে, যা হল কাউন্টির প্যারাট্রান্সিট পরিষেবা।

ভিনসেন্ট ভিলেজের জন্য রাষ্ট্রীয় অর্থায়নে স্থায়ী কর-মুক্ত বন্ডে 7.5 মিলিয়ন মার্কিন ডলার, ফেডারেল নিম্ন-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা ইকুইটিতে 14.7 মিলিয়ন মার্কিন ডলার উত্পন্ন করেছে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল থেকে 14.4 মিলিয়ন মার্কিন ডলারের ভর্তুকি অন্তর্ভুক্ত করে।

প্রকল্পের সহ-উন্নয়নকারীরা হলেন চ্যারিটি হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং রকাবিল ডেভেলপমেন্ট (Rockabill Development)। হোমস এবং কমিউনিটি রিনিউয়াল সংলগ্ন সেটন ভিলেজকেও অর্থায়ন করেছিল, যা 2003 সালে খোলা হয়েছিল এবং যাতে বয়স্কদের জন্য 106টি অ্যাপার্টমেন্ট আছে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার ভিশনাউকিস বলেন, "সিস্টার্স অফ চ্যারিটি হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং রকাবিল ডেভেলপমেন্টের সাথে 42 মিলিয়ন মার্কিন ডলারের এই গুরুত্বপূর্ণ উন্নয়নে অংশীদার হতে পেরে আমরা গর্বিত। নিরানব্বইটি পরিবারের একটি সমৃদ্ধ সম্প্রদায়ের মধ্যে নতুন, শক্তি-দক্ষ এবং নিরাপদ গৃহ আছে যেখানে তারা সক্রিয় থাকতে পারে এবং তাদের জন্য সহায়তা রয়েছে তা জানতে পারে। কোভিড (COVID) মহামারী কেবল সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ প্রদানের জন্য আমাদের সংকল্পকে শক্তিশালী করেছে যা স্বাস্থ্য এবং আবাসন এবং রাজ্যের দীর্ঘমেয়াদী পুনরুদ্ধারের সহায়তার মধ্যে গুরুত্বপূর্ণ যোগসূত্রকে স্বীকৃতি দেয়।"

সমস্ত নিউ ইয়র্কবাসীকে নিরাপদ, সাশ্রয়ী মূল্যের আবাসন প্রদানের প্রতিশ্রুতি রাজ্যের অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলারের, পাঁচ বছরের আবাসন পরিকল্পনায় প্রতিফলিত হয়, যা 100,000 এরও বেশি সাশ্রয়ী মূল্যের গৃহ এবং 6,000 সহায়তা পরিষেবা সহ গৃহ নির্মাণের এবং সংরক্ষণের

মাধ্যমে বাসস্থানকে অ্যাক্সেসযোগ্য করে তোলে এবং গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করে। হাডসন ভ্যালিতে গত এক দশক ধরে হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes And Community Renewal, HCR) 12,000 এরও বেশি সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ বা সংরক্ষণের জন্য আনুমানিক 1.4 বিলিয়ন মার্কিন ডলার উৎসর্গ করেছে, মোট বিনিয়োগে প্রায় 3.8 বিলিয়ন ডলারের সুবিধা লাভ করেছে, যার মধ্যে রকল্যান্ড কাউন্টিতে আনুমানিক 575টি সাশ্রয়ী মূল্যের বাড়ির জন্য 51.5 মিলিয়ন মার্কিন ডলার আছে।

স্বাস্থ্য দপ্তরের কমিশনার হাওয়ার্ড এ. জুকার, এমডি, বলেন, "নির্ভরযোগ্য এবং নিরাপদ আবাসন সুস্বাস্থ্যের জন্য একটি স্তম্ভ, এবং আমি নিশ্চিত যে এই প্রাপ্তির মাধ্যমে ভিনসেন্টস ভিলেজ তাদের বাসিন্দাদের প্রয়োজনীয় পরিষেবা প্রদান করবে। আমাদের রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার এবং নিউ ইয়র্কবাসীদের একটি উজ্জ্বল ও সুস্থ ভবিষ্যতের জন্য তাদের প্রয়োজনীয় নিরাপত্তা প্রদানের উদ্দেশ্যে আমাদের অব্যাহত প্রচেষ্টার জন্য আমি গর্বিত।"

কার্ডিনাল টিমোথি মাইকেল ডোলান বলেন, "সেই ভিনসেন্টস ভিলেজ প্রাক্তন সেন্ট আগাথার অনাথ আশ্রমের জায়গায় নির্মিত হয়েছিল, সেটিও সিস্টার্স অফ চ্যারিটি দ্বারা স্পন্সর করা হয়েছিল, যা এই সম্প্রদায়ের প্রতি সিস্টারদের অঙ্গীকারবধ্যতা এবং সেই সাথে তারা যেসব মানুষের সেবা করতে চান তাদের চির-বিবর্তনশীল চাহিদা পূরণ করার জন্য তাদের যাজক সম্প্রদায়ের নিজেদের পরিবর্তন এবং অভিযোজিত করার ইচ্ছাকে প্রতিফলিত করে।"

সিস্টার অব চ্যারিটির নিউ ইয়র্কের প্রেসিডেন্ট ডোনা ডজ বলেন, "আমরা NYS হোমস এবং কমিউনিটি রিনিউয়াল এবং আরও অনেকের সহায়তার জন্য অত্যন্ত কৃতজ্ঞ যারা এই প্রকল্পটি সম্ভব করে তুলেছেন। নিউ ইয়র্কের সিস্টার্স অফ চ্যারিটির আশা হল ভিনসেন্টস ভিলেজের বাসিন্দারা তাদের নতুন বাড়িতে বহু বছর সুখ, সুস্বাস্থ্য এবং সমাজে বসবাসের অভিজ্ঞতা লাভ করবে।"

রকাবিল ডেভেলপমেন্টের ব্যবস্থাপক অধ্যক্ষ নিয়াল জে. মারে বলেন, "রকাবিল এই সম্প্রদায়ের জন্য এত গুরুত্বের একটি প্রকল্পে সিস্টার্স অফ চ্যারিটির সাথে অংশীদার হতে পেরে সম্মানিত। সিস্টার্স মিশনের সাথে সঙ্গতি রেখে ভিনসেন্টস ভিলেজ উচ্চমানের গৃহ প্রদান করবে এবং বয়স্কদের বয়স বাড়ার সাথে সাথে তাদের স্বাধীনতা এবং সুস্থতা বজায় রাখতে সাহায্য করবে। আমরা এই প্রচেষ্টায় আমাদের অনেক অংশীদারকে ধন্যবাদ জানাতে চাই এবং দলীয় কর্মের জন্য কৃতজ্ঞ যা এই কল্পনাকে জীবন দান করেছে।"

সিনেটর এলিজা রাইখলিন-মেলনিক বলেন, "আমি ক্লার্কসটাউনে বয়স্কদের জন্য সাশ্রয়ী মূল্যের আবাসনে বিনিয়োগ করার জন্য হোমস এবং কমিউনিটি রিনিউয়াল এবং সিস্টার্স অফ চ্যারিটির কাছে কৃতজ্ঞ। যেহেতু গত বিশ বছরে রকল্যান্ড কাউন্টিতে জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি পেয়েছে, তাই এটি ক্রমবর্ধমানভাবে গুরুত্বপূর্ণ যে স্থির আয়ের উপর জীবন ধারণ করা বয়স্কদের জন্য আমাদের সমাজে বয়:বৃদ্ধির একটি উপায় থাকে। আমি এই বিনিয়োগের প্রশংসা করি যা আমাদের বয়স্কদের সেই সম্প্রদায়ের মধ্যে থাকতে সাহায্য করবে যা তারা পছন্দ করেন।"

অ্যাসেম্বলিম্যান কেন জেব্রোস্কি বলেন, "ভিনসেন্টস ভিলেজের আবাসনের উন্নয়ন রকল্যান্ডের বয়স্ক নাগরিকদের জন্য একটি স্বাস্থ্যকর ও সহায়ক পরিবেশ বাড়ানোর সাথে সাথে প্রয়োজনীয় সাশ্রয়ী মূল্যের আবাসন সরবরাহ করবে। গভর্নর হোচুল, নিউ ইয়র্ক রাজ্যের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার ভিসনাউকাস এবং সিস্টার্স অফ চ্যারিটি হাউজিং ডেভেলপমেন্ট কর্পোরেশনের সিস্টার ডোনা ডজকে এই ধরনের একটি প্রকল্পকে বাস্তবায়নে সহযোগিতার জন্য অনেক ধন্যবাদ জানাই। সাশ্রয়ী মূল্যের আবাসনের জন্য রকল্যান্ড কাউন্টির একটি বিশাল অপূরিত প্রয়োজন ছিল এবং এই প্রকল্পটি সেই চাহিদা পূরণ করার জন্য গুরুত্বপূর্ণ।"

রকল্যান্ড কাউন্টির এক্সিকিউটিভ এড ডে বলেন, "আমি ব্যক্তিগতভাবে এবং পেশাগতভাবে রকল্যান্ডের প্রবীণদের জন্য এই নতুন সহায়ক এবং সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্টের জন্য গর্বিত। এই গ্রামটি একটি সুন্দর জায়গা যাকে বাড়ি বলা চলে এবং ঠিক সেই ধরনের অগ্রবর্তী চিন্তাভাবনা এবং দায়িত্বশীল উন্নয়ন যা রকল্যান্ডের প্রয়োজন।"

তত্ত্বাবধায়ক জর্জ হোহম্যান বলেন, "বয়স্কদের আবাসন সব সময় আমার শীর্ষ অগ্রাধিকারগুলির মধ্যে একটি। ক্লার্কসটাউন শহরে ভিনসেন্টস ভিলেজের নির্মাণের জন্য সিস্টার্স অফ চ্যারিটি এবং রকাবিল ডেভেলপমেন্ট অংশীদারিত্ব করায় আমি আনন্দিত। নতুন উন্নয়নটি আমাদের বয়স্কদের ক্লার্কস্টাউনে নিরাপদ, অ্যাক্সেসযোগ্য, সাশ্রয়ী মূল্যের আবাসনের সুযোগ দেবে, সেই সাথে তাদের প্রয়োজনীয় সহায়তার পরিষেবাও প্রদান করবে। এছাড়াও, এই প্রকল্পের অর্থায়নে সহায়তার জন্য নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালকে ধন্যবাদ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন